

রাজনীতি

উচ্ছেদের আগে ক্ষুদ্র ব্যবসায়ীদের বিকল্প স্থান দেওয়ার আহ্বান বিরোধীদলীয় নেতার

প্রতিবেদক: ঢাকা প্রোব ডেস্ক

প্রকাশের তারিখ: বুধবার, ৩০ সেপ্টেম্বর ২০২৬, ০৮:১৭ PM



রাজধানীর মিরপুর-১০ নম্বর এলাকায় ফুটপাথ উচ্ছেদ অভিযানকে কেন্দ্র করে সৃষ্ট পরিস্থিতি সরেজমিনে পরিদর্শন করেছেন জাতীয় সংসদের বিরোধীদলীয় নেতা ও বাংলাদেশ জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান। তিনি ক্ষুদ্র ব্যবসায়ীদের উচ্ছেদের আগে তাদের জন্য বিকল্প স্থান নির্ধারণ করে ব্যবসার সুযোগ দেওয়ার আহ্বান জানিয়েছেন।

তিনি বলেন, রাজধানীর সড়ক ও ফুটপাথ চলাচলের উপযোগী রাখা জরুরি। তবে ফুটপাথ ও সড়কে ব্যবসা করা ক্ষুদ্র ব্যবসায়ীদের উচ্ছেদ করলেই সমস্যার স্থায়ী সমাধান হবে না। তাদের জন্য উপযুক্ত বিকল্প স্থান নির্ধারণ করে সেখানে ব্যবসার সুযোগ দিতে হবে।

বুধবার (৩০ সেপ্টেম্বর) বিকেল ৫টার দিকে ঘটনাস্থল পরিদর্শন শেষে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি এসব কথা বলেন।

মিরপুর এলাকায় সাম্প্রতিক বিভিন্ন অনাকাঙ্ক্ষিত ঘটনার প্রসঙ্গ তুলে তিনি বলেন, দখলদারি, চাঁদাবাজি ও দুর্নীতির বিরুদ্ধে কার্যকর ব্যবস্থা নিতে হবে। যারা অপরাধের সঙ্গে জড়িত, তাদের আইনের আওতায় এনে শাস্তি নিশ্চিত করতে হবে।

সবশেষে সবাইকে শান্ত ও ধৈর্যশীল থাকার আহ্বান জানিয়ে তিনি বলেন, দখলদারি, চাঁদাবাজি ও দুর্নীতির বিরুদ্ধে সবাইকে ঐক্যবদ্ধ হতে হবে। সম্মিলিত প্রচেষ্টার মাধ্যমে একটি পরিচ্ছন্ন, মানবিক ও সুন্দর বাংলাদেশ গড়ে তোলার প্রত্যয় ব্যক্ত করেন তিনি।

এ সময় কেন্দ্রীয় নির্বাহী পরিষদ সদস্য মোবারক হোসাইন, কেন্দ্রীয় নির্বাহী পরিষদ সদস্য ও ঢাকা মহানগরী উত্তরের সেক্রেটারি ড. মো. রেজাউল করিম, কেন্দ্রীয় মজলিসে শূরা সদস্য ও ঢাকা মহানগরী উত্তরের সহকারী সেক্রেটারি ডা. ফখরুদ্দিন মানিকসহ স্থানীয় নেতারা উপস্থিত ছিলেন।

এ বিভাগের আরও খবর



আপনারা আখতারুজ্জামানকে নয়, মুক্তিযুদ্ধের ইতিহাসে হাতকড়া পরিয়েছেন: ড. মাসুদ এমপি
বাংলাদেশ জামায়াতে ইসলামীর ঢাকা মহানগরী দক্ষিণের সেক্রেটারি ও পটুয়াখালী-২ (বাউফল) আসনের সংসদ সদস্য ড. শফিকুল ইসলাম মাসুদ বলেছেন, বীর মুক্তি...



রাষ্ট্রের দায়িত্ব পালনে আলেম-ওলামাদের এগিয়ে আসার আহ্বান জামায়াত আমিরের
গুণু বয়ান করা নয়, রাষ্ট্রের দায়িত্ব পালনে আলেম-ওলামাদের কাজ করার আহ্বান জানিয়েছেন বিরোধী দলীয় নেতা ও জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান।...



মিথ্যা মামলা প্রত্যাহার করে আখতারুজ্জামানকে মুক্তি দিন: জামায়াত সেক্রেটারি
জামায়াতে ইসলামীর সেক্রেটারি জেনারেল মিয়া গোলাম পরওয়ার বলেছেন, বিমানবন্দরের অব্যবস্থাপনার জন্য দুজনকে বরখাস্ত করার মধ্য দিয়ে কর্তৃপক্ষই স্বীক...



বৈরাচার ও গুপ্ত এক হয়ে দেশবিরোধী ষড়যন্ত্র করছে: তারেক রহমান
বৈরাচার ও গুপ্ত আবার এক হয়ে মিলেমিশে দেশবিরোধী ষড়যন্ত্র করছে বলে মন্তব্য করেছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। তিনি বলেন, যারা অরাজকতা তৈরি কর...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: <https://dhakaprobe.com/politics/uchchheder-age-kshudr-bjbsayider-biklp-sthan-deoyar-ahban-birodhidliy-netar>